দৈনিক সংবাদ

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 08 MAR 1989
পৃষ্ঠা ৪ কলাম ১

14



# ইসলামী বিশ্ববিদ্যালয় থেকে সন্ত্রাসবাদীদের বহিষ্কার দাবী

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ইসলামী ছাত্র শিবিরের ইসলামী বিশ্ববিদ্যালয় শাখা বিশ্ববিদ্যালয়ের সাম্প্রতিক সন্ত্রাসী ঘটনাবলীর জন্য ছাত্র সংগ্রাম পরিষদ কর্মীদের দায়ী করেছে।

গতকাল মঙ্গলবার এক সাংবাদিক সম্মেলনে বলা হয়, বিশ্ববিদ্যালয়টি প্রতিষ্ঠিত হবার পর থেকেই এর বিরুদ্ধে যে চক্রান্ত শুরু হয়েছে সাম্প্রতিক ঘটনাবলী তারই অংশ। জাতীয় প্রেসক্লাবে অনুষ্ঠিত সাংবাদিক সম্মেলনে শিবিরের বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি নাজমুল হক বক্তব্য রাখেন। তিনি সন্ত্রাসবাদীদের বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কার, ক্ষতিগ্রস্ত ছাত্রদের ক্ষতিপূরণ দান, বিশ্ববিদ্যালয়ে অবিলম্বে শিক্ষা কার্যক্রম চালু ইত্যাদি দাবী জানান।

**ডাকসু ও ইউকসু'র বিবৃতি**

ডাকসু ও ইউকসুর নেতৃবৃন্দ ইসলামী বিশ্ববিদ্যালয়ে ছাত্র সংগ্রাম পরিষদ কর্মীদের ওপর ছাত্র শিবির কর্মীদের হামলার নিন্দা করে জামাত-শিবির চক্রকে প্রতিরোধ করার আহ্বান এবং অবিলম্বে বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার দাবী জানিয়েছেন।

ডাকসু'র সহ-সভাপতি সুলতান মোহাম্মদ মনসুর ও সাধারণ সম্পাদক মুশতাক হোসেন এবং ইউকসু'র সাধারণ সম্পাদক আবদুস সবুর, বার্ষিকী সম্পাদক আনিসুল হক, সাহিত্য-সাংস্কৃতিক সম্পাদক তামান্না রহমান, আন্তঃ-ক্রীড়া সম্পাদক জাকির হোসেন ও আপ্যায়ন সম্পাদক মাকসুদুর রহমানসহ ১০ জন সদস্য গতকাল মঙ্গলবার পৃথক যুক্ত বিবৃতিতে ওই দাবী জানান।